

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, জুলাই ৮, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এবং
মহানগর সিনিয়র স্পেশাল জজ,

চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তপশীলে উল্লিখিত মামলার আসামীদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু হয় কিন্তু তাহাদের না পাওয়ায় উহা জারী করা সম্ভব হয় নাই এবং যেহেতু ১৯৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীদের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, এই আদালতে বিচারার্থে উক্ত আসামীগণ গ্রেপ্তার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামীদেরকে শীঘ্রই গ্রেপ্তার করিবার আশু কোনো সম্ভাবনা নাই সেহেতু ১৯৫৮ সনের ক্রিমিনাল “ল” এমেনমেন্ট এ্যাক্টের ৬(১ক) ধারার বিধানমতে নিম্ন তপশীলে বর্ণিত আসামীগণের নামের পার্শ্বলিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে অত্র আদালতে হাজির হইবেন। অন্যথায় তাহাদের অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হইবে।

(১১৬৯৯)

মূল্য : টাকা ৪.০০

তপশীল

ক্রমিক নং	মামলা নং	আসামীর/নাম ঠিকানা	ধারা	পরবর্তী তারিখ
০১	স্পেশাল মামলা নং- ০৫/২০০৯	১। আবু ফজল মোঃ রাফিউদ্দিন সাবেক ভূমি হুকুম দখল কর্মকর্তা, চট্টগ্রাম। বর্তমানে-সিনিয়র সহকারী সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। পিতা- মোঃ আছিমউদ্দিন সাং-শস্যমালা, থানা- কোতয়ালী, জেলা-ময়মনসিংহ। ২। সিরাজউদ্দৌলা সাবেক কানুনগো, ভূমি হুকুম দখল অফিস, চট্টগ্রাম। বর্তমানে-কানুনগো, ছাগলনাইয়া উপজেলা ভূমি অফিস, ফেনী। পিতা-মৃত বজলুল হক সাং-পূর্ব হিজুলী, থানা-মীরশ্বরাই, জেলা-চট্টগ্রাম।	ধারা-দণ্ডবিধির ৪০৯/৪২০/৪৬৮/ ৪৬৭/৪৭১ ধারা তৎসহ দুর্নীতি দমন আইনের ৫(২)।	২৪-০৭-২০২২ইং

বেগম জেবুন্নেছা

মহানগর দায়রা জজ এবং

মহানগর সিনিয়র স্পেশাল জজ।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd